গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৭/২০১৯-২০২০

ঢাকা, ৩১ জুলাই বুধবার ২০১৯, ১৬ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। লন্ডন থেকে টেলিকনফারেন্সে প্রধানমন্ত্রী ডেঙ্গু মোকাবিলায় সকলকে সচেতন হওয়ার আহ্বান
২। পরিচ্ছন্নতা অভিযানে সর্বস্তরের মানুষের অংশ নেয়ার আহ্বান সেতুমন্ত্রীর
৩। এডিস মশা মারতে নতুন ওষুধ বিমানে আনা হবে : ডিএসসিসি মেয়র
৪। রাষ্ট্রপতির সঙ্গে বিজিএমইএ'র নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ
মানসম্পন্ন ও বৈচিত্র্যময় পণ্য উৎপাদন নিশ্চিত করার পরামর্শ রাষ্ট্রপতির
৫। যুক্তরাজ্যের কমনওয়েলথ ও জাতিসংঘবিষয়ক প্রতিমন্ত্রীর সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী
আলোচনার মাধ্যমেই রোহিঙ্গা সংকটের সমাধান চাই
৬। বাংলাদেশ ও জাপানের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক : রোহিঙ্গা ইস্যুতে মধ্যস্থতার প্রস্তাব জাপানের
৭। রোহিঙ্গা প্রত্যাবাসনে সবাইকে কাজ করতে হবে : রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে জাপানের পররাষ্ট্রমন্ত্রী
৮। লন্ডনে প্রধানমন্ত্রীর সঙ্গে কমনওয়েলথ মহাসচিবের সৌজন্য সাক্ষাৎ
কমনওয়েলথ ব্লু চার্টার বাস্তবায়নে বাংলাদেশকে নেতৃত্ব দেয়ার আহ্বান
৮। (ক) হেফাজতে মৃত্যু বিরুদ্ধে বাংলাদেশ জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে : জেনেভায় আইনমন্ত্রী
৯। বর্তমান সরকার দরিদ্র ও বঞ্চিত জনগণের ভাগ্যোন্নয়নে কাজ করে যাচ্ছে : পীরগঞ্জে স্পিকার
১০। সারের দাম কমবে, কৃষিযন্ত্র ক্রয়ে বাড়বে প্রণোদনা
চাল রপ্তানিতে ২০ শতাংশ প্রণোদনা দেওয়া হবে : আন্তঃমন্ত্রণালয় সভায় কৃষিমন্ত্রী
১১। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর উন্নততর জীবনযাপনে সহায়তা করা উচিত : পরিকল্পনামন্ত্রী
১২। ডেঙ্গু নিধনে বেসিনে হারপিক-ব্লিচিং ঢালার বিষয়টি গুজব : ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী
১৩। একটি অপশক্তি পদ্মা সেতু ও ডেঙ্গু পরিস্থিতি নিয়ে গুজব ছড়িয়ে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা করছে : মুন্সীগঞ্জে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী
১৪। বিশ্বে ফল উৎপাদনে ২৮তম বাংলাদেশ
১৫। ঈদের আগে-পরে ২৪ ঘণ্টা খোলা থাকবে সিএনজি ফিলিং স্টেশন
১৬। বঙ্গবন্ধু স্যাটেলাইট কর্তৃপক্ষের সঙ্গে বিসিএসসিএল ও আকাশ ডিটিএইচের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর
১৭। জালনোট রোধে কোরবানির পশুরহাটে থাকবে বুথ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন
১৮। সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুপ্রিয় চক্রবর্তীর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

চলমান পাতা-২

১। লন্ডন থেকে টেলিকনফারেন্সে প্রধানমন্ত্রী ডেঙ্গু মোকাবিলায় সকলকে সচেতন হওয়ার আহ্বান

বিএসটিআই নিবন্ধিত পাস্তুরিত দুধে মানবদেহের জন্য ক্ষতিকর উপাদান থাকার অভিযোগের পেছনে আমদানিকারকদের কারসাজি আছে কি না, সে সন্দেহ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সরকার যখন দুধের খামার করে গ্রামের মানুষকে স্বনির্ভর হতে উৎসাহিত করছে, দেশের চাহিদা মিটিয়ে খাদ্যপণ্য রপ্তানিতে জোর দিচ্ছে, তখন হঠাৎ এ তথ্যে দারিদ্র্য বিমোচন কর্মসূচির পথে বাধা সৃষ্টি হবে। দুধে অ্যান্টিবায়োটিকের উপস্থিতি নিয়ে গুজব ছড়িয়ে রপ্তানিকাজে বাধা সৃষ্টি করা হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে, ডেঙ্গু প্রতিরোধে তিনি বলেছেন, সবাইকে নিজেদের ঘরবাড়ি, কর্মস্থল ও আশপাশের এলাকা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। দলের সর্বস্তরের নেতা-কর্মীদের ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা কর্মসূচিতে অংশ নেওয়ার নির্দেশ দেন তিনি। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) লন্ডন থেকে টেলিকনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের বিশেষ জরুরি সভায় যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

২। পরিচ্ছন্নতা অভিযানে সর্বস্তরের মানুষের অংশ নেয়ার আহ্বান সেতুমন্ত্রীর

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী এডিস মশার উৎপত্তিস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন করার কর্মসূচিতে অংশগ্রহণের জন্য দলীয় নেতাকর্মীদের পাশাপাশি সর্বস্তরের মানুষের প্রতি আহবান জানিয়েছেন। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগের বিশেষ জরুরি সভায় সভাপতির বক্তব্যে তিনি এ আহবান জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক (শেষ** পৃ,ক.১)।

৩। এডিস মশা মারতে নতুন ওষুধ বিমানে আনা হবে : ডিএসসিসি মেয়র

রাজধানীসহ সারাদেশে ভয়াবহ আকারে ছড়িয়েপড়া ডেঙ্গুর প্রকোপ কমাতে এডিস মশা মারতে অধিক কার্যকর নতুন ওষুধ প্রয়োজনে বিমানে করে আনা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) রাজধানীর শান্তিনগরে নির্মাণাধীন ভবন পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৭)।

৪। রাষ্ট্রপতির সঙ্গে বিজিএমইএ'র নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ
মানসম্পন্ন ও বৈচিত্র্যময় পণ্য উৎপাদন নিশ্চিত করার পরামর্শ রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ পোশাক উৎপাদনকারী এবং রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) নেতৃবৃন্দ। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তারা প্রতিশ্রুতি দিয়েছেন ঈদুল আজহার আগেই পোশাক শ্রমিকদের বেতন ও ঈদ বোনাস প্রদান করবেন। সাক্ষাৎকালে বিজিএমইএ সভাপতি রুবানা হক বলেন, আসন্ন ঈদুল আজহার আগে সব পোশাক শ্রমিক তাদের বেতন এবং উৎসব ভাতা পাবেন। রেডিমেড গার্মেন্টস (আরএমজি) খাতের অবদানের প্রশংসা করে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, বাংলাদেশি পণ্য বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেছে। বিজিএমইএ নেতাদের মানসম্পন্ন ও বৈচিত্র্যময় পণ্য উৎপাদন নিশ্চিত করার পরামর্শ দিয়ে রাষ্ট্রপতি বলেন, কারখানা মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখলে উৎপাদন বৃদ্ধি পায়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

৫। যুক্তরাজ্যের কমনওয়েলথ ও জাতিসংঘবিষয়ক প্রতিমন্ত্রীর সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী
আলোচনার মাধ্যমেই রোহিঙ্গা সংকটের সমাধান চাই

মিয়ানমার সেনাবাহিনীর হত্যা-নির্যাতনের মুখে রাখাইন থেকে পালিয়ে আসা ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়া বিরাট বোঝা উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ রোহিঙ্গা সমস্যা আলাপ-আলোচনার মাধ্যমেই সমাধান করতে চায়। লন্ডন সফররত প্রধানমন্ত্রীর সঙ্গে স্থানীয় সময় গত ২৯ জুলাই সোমবার যুক্তরাজ্যের কমনওয়েলথ ও জাতিসংঘবিষয়ক প্রতিমন্ত্রী লর্ড আহমেদ অভ্ উইম্বলডন সৌজন্য সাক্ষাতে এলে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৬)।

৬। বাংলাদেশ ও জাপানের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক : রোহিঙ্গা ইস্যুতে মধ্যস্থতার প্রস্তাব জাপানের

রোহিঙ্গা সংকট সমাধানে প্রয়োজনে টোকিওতে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে বৈঠক আয়োজনের প্রস্তাব দিয়েছে জাপান। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) রাষ্ট্রীয় অতিথি ভবন মেঘনায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠকে এ প্রস্তাব দিয়েছেন বাংলাদেশে সফররত জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কোনো। বৈঠকশেষে পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের আরও জানান, জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কোনো মিয়ানমার সফরে গিয়ে রোহিঙ্গা প্রত্যাবাসন ত্বরান্বিত করার জন্য সে দেশের কর্তৃপক্ষকে আহ্বান জানাবেন। এছাড়া বৈঠকে জাপানের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৭। রোহিঙ্গা প্রত্যাবাসনে সবাইকে কাজ করতে হবে : রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে জাপানের পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ সফররত জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কোনো বলেছেন, বিপুলসংখ্যক রোহিঙ্গা বাংলাদেশের জন্য একটি বিশাল চাপ। এ চাপ সামলাতে বাংলাদেশের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতাপূর্ণ মনোভাব অব্যাহত রাখা জরুরি। একইসঙ্গে রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনও সবাইকে কাজ করতে হবে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) কক্সবাজারের উখিয়ার কুতুপালং ক্যাম্প পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৮। লন্ডনে প্রধানমন্ত্রীর সঙ্গে কমনওয়েলথ মহাসচিবের সৌজন্য সাক্ষাৎ
কমনওয়েলথ ব্লু চার্টার বাস্তবায়নে বাংলাদেশকে নেতৃত্ব দেয়ার আহ্বান

'কমনওয়েলথ ব্লু চার্টার' বাস্তবায়ন এবং জলবায়ু ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশকে কমনওয়েলথে নেতৃত্ব প্রদানের আহ্বান জানিয়েছেন কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি। প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি গত ২৯ জুলাই সোমবার সন্ধ্যায় (লন্ডনের স্থানীয় সময়) লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী কমনওয়েলথ মহাসচিবের প্রস্তাবে সম্মত হয়েছেন এবং বলেছেন, তাঁর সরকার এ বিষয়ে কাজ করে যাচ্ছে। বৈঠকে প্রধানমন্ত্রী এবং কমনওয়েলথ মহাসচিব তথ্য প্রযুক্তি খাত এবং এসডিজি বাস্তবায়নে অগ্রগতি সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। এ প্রসঙ্গে প্যাট্রিসিয়া তথ্য প্রযুক্তি খাতে এবং এসডিজি (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) বাস্তবায়নের অগ্রগতিতে বাংলাদেশের চমকপ্রদ সাফল্যের ভূয়সী প্রশংসা করেন। প্রধানমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই সর্বপ্রথম দেশে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি চালু করেন এবং বর্তমান সরকার তাঁর পদাংক অনুসরণ করেই জলবায়ু ঝুঁকি মোকাবিলার পদক্ষেপ গ্রহণ করছে। এ বিষয়ে তাঁর সরকারের বিভিন্ন উদ্যোগ সম্পর্কেও প্যাট্রিসিয়াকে অবহিত করেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী কমনওয়েলথকে ৫৩ সদস্য রাষ্ট্রের একটি 'আমব্রেলা অর্গানাইজেশন' হিসেবে গড়ে তোলায় এর মহাসচিব প্যাট্রিসিয়ার ভূমিকার প্রশংসা করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২)।

৮ (ক)। হেফাজতে মৃত্যু বিরুদ্ধে বাংলাদেশ জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে : জেনেভায় আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক নির্যাতনবিরোধী জাতিসংঘ কমিটির অধিবেশনে বলেছেন, হেফাজতে মৃত্যুর বিরুদ্ধে বাংলাদেশ সরকার জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে। নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে সরকারি পর্যায়ে সর্বোচ্চ আইনি সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে। এছাড়া বাংলাদেশে সুশীল সমাজের দায়িত্বশীল ভূমিকাকে উৎসাহিত করা হচ্ছে এবং ব্লগারসহ সবার স্বাধীন মত প্রকাশের অধিকার সুরক্ষিত আছে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) জেনেভায় শুরু হওয়া অধিবেশনে বাংলাদেশের ২৪ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদলের নেতৃত্ব দেন আইনমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১)।

৯। বর্তমান সরকার দরিদ্র ও বঞ্চিত জনগণের ভাগ্যোন্নয়নে কাজ করে যাচ্ছে : পীরগঞ্জে স্পিকার

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার দরিদ্র ও বঞ্চিত জনগণের ভাগ্যোন্নয়নে কাজ করে যাচ্ছে। পীরগঞ্জের দুস্থ মানুষের কল্যাণে সামাজিক নিরাপত্তাবলয়ের আওতায় সব ধরনের ভাতাগ্রহীতার সংখ্যা বাড়ানো হয়েছে, ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) রংপুরের পীরগঞ্জে ১৫টি ইউনিয়নের এক হাজার ৫০০ দুস্থ নারীকে শাড়ি বিতরণকালে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.৯,ক.৩)।

১০। সারের দাম কমবে, কৃষিযন্ত্র ক্রয়ে বাড়বে প্রণোদনা
চাল রপ্তানিতে ২০ শতাংশ প্রণোদনা দেওয়া হবে : আন্তঃমন্ত্রণালয় সভায় কৃষিমন্ত্রী

কৃষকদের লাভবান করতে প্রয়োজনে সারের দাম আরো কমানো হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক। এছাড়া, কৃষিযন্ত্র ক্রয়েও প্রণোদনা বৃদ্ধি করা হবে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) সম্মেলনকক্ষে কৃষক পর্যায়ে ধান-চালের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ ও চাল রপ্তানিবিষয়ক এক আন্তঃমন্ত্রণালয় সভায় তিনি এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, আগামী মৌসুমে থেকে কৃষক যাতে ধানের ন্যায্যমূল্য পায়, সে ব্যাপারে সরকার প্রস্তুত রয়েছে। এখন থেকে কৃষকদের কাছ থেকে সরাসরি সরকার ধান সংগ্রহ করবে। প্রয়োজনে কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কিনে কম মূল্যে দরিদ্র মানুষের দেওয়া হবে। প্রত্যেক উপ-সহকারী কৃষি কর্মকর্তার কাছে আর্দ্রতা মাপার যন্ত্র থাকবে। তিনি কৃষকদের রাড়িতে গিয়ে ধানের আর্দ্রতা পরিমাপ করবেন। মন্ত্রী আরো বলেন, চাল রপ্তানির ক্ষেত্রে ২০ শতাংশ প্রণোদনা দেওয়া হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.৯,ক.৪)।

১১। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর উন্নততর জীবনযাপনে সহায়তা করা উচিত : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, জলবায়ু পরিবর্তন, কাজের সন্ধান ও সামাজিক নিরাপত্তার অভাবসহ বিভিন্ন কারণে গ্রামের দরিদ্র জনগোষ্ঠী শহরে চলে আসে। আমাদের উচিত তাদের উন্নততর জীবনযাপনে সহায়তা করা। এজন্য নগর কর্তৃপক্ষের পর্যাপ্ত সম্পদ ও সক্ষমতা থাকা দরকার। সে লক্ষ্যেই আমাদের সরকার কাজ করছে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) নগরের দরিদ্রদের অন্তর্ভুক্তিমূলক টেকসই উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক কারিগরি সহযোগিতা প্রকল্পের প্রথম জাতীয় পর্যালোচনা কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

১২। ডেঙ্গু নিধনে বেসিনে হারপিক-ব্লিচিং ঢালার বিষয়টি গুজব : ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী

বাসার বেসিনে ৫০০ এমএল হারপিক কিংবা ব্লিচিং পাউডার ঢেলে পানি দিয়ে দিলে ডেঙ্গু মশা নির্মূল হবে এমন তথ্য সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। তবে এটিকে সম্পূর্ণ গুজব হিসেবে অভিহিত করেছেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) সাইবার সিকিউরিটির ভেরিফাইড ফেসবুক পেজ থেকেও বিষয়টিকে গুজব বলে ব্যাখ্যা করা হয়েছে। উল্টো এর ফলে পরিবেশের ভারসাম্য ক্ষতিগ্রস্ত হবে বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী তাঁর ফেসবুক পোস্টে লেখেন, 'হার্পিক বা ব্লিচিং পাউডার বেসিনে ঢালার নির্দেশ পুরোটাই গুজব। গুজবে কান দেবেন না। এতে ডেঙ্গু প্রতিরোধের বদলে ক্ষতি হবে আরও বেশি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

১৩। একটি অপশক্তি পদ্মা সেতু ও ডেঙ্গু পরিস্থিতি নিয়ে গুজব ছড়িয়ে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টা করছে : মুন্সীগঞ্জে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

একটি অপশক্তি পদ্মা সেতু ও ডেঙ্গু পরিস্থিতি নিয়ে গুজব ছড়িয়ে দেশে অস্থির পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা করছে বলে মন্তব্য করেছেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। তিনি গুজবে কান না দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় সতর্ক থাকতে হবে। আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) মুন্সীগঞ্জের মিরকাদিম পৌরবাসীর পক্ষ থেকে স্থানীয় পৌরসভা মাঠে গণসংবর্ধনায় তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলেছে। উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ এখন রোল মডেল। উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

১৪। বিশ্বে ফল উৎপাদনে ২৮তম বাংলাদেশ

ফল উৎপাদনে বিশ্বে বাংলাদেশ ২৮তম স্থানে এবং আম ও পেয়ারা উৎপাদনে যথাক্রমে সপ্তম ও অষ্টম অবস্থানে রয়েছে বাংলাদেশ। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) সংসদ ভবনে জাতীয় সংসদের কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য জানানো হয়। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১)।

১৫। ঈদের আগে-পরে ২৪ ঘণ্টা খোলা থাকবে সিএনজি ফিলিং স্টেশন

পবিত্র ঈদুল আজহা সামনে রেখে দেশের সব সিএনজি স্টেশন ২৪ ঘণ্টা খোলা রাখার নির্দেশ দিয়েছে সরকার। আগামী পহেলা আগস্ট থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত স্টেশনগুলো খোলা রাখা হবে। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৫)।

১৬। বঙ্গবন্ধু স্যাটেলাইট কর্তৃপক্ষের সঙ্গে বিসিএসসিএল ও আকাশ ডিটিএইচের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর

বঙ্গবন্ধু স্যাটেলাইট ১ থেকে টিভি দর্শকদের জন্য ডিটিএইচ সেবা প্রদানে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) এবং বেক্সিমকো কমিউনিকেশন্স লিমিটেড। এ চুক্তির আওতায় বেক্সিমকো কমিউনিকেশন্স স্যাটেলাইট ট্রান্সপন্ডার এবং আপ-লিংকিং সেবা গ্রহণ করে গ্রাহক পর্যায়ে 'আকাশ ডিটিএইচ' সেবা প্রদান করবে। রাজধানীর বাংলামোটরে বিসিএসসিএল অফিসে গত ২৯ জুলাই সোমবার এ সংক্রান্ত দু'টি পৃথক চুক্তি স্বাক্ষরিত হয়। বিসিএসসিলের ব্যবস্থাপনা পরিচালক শাহরিয়ার আহমেদ চৌধুরী এবং বেক্সিমকো কমিউনিকেশন্স'র প্রধান নির্বাহী কর্মকর্তা ডিএস ফায়সাল হায়দার নিজ নিজ পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৬)।

১৭। জালনোট রোধে কোরবানির পশুরহাটে থাকবে বুথ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

কোরবানির পশুরহাটে জালনোট শনাক্তকরণে বুথ স্থাপন করতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এছাড়া দেশের অনুমোদিত কোরবানির পশুর হাটগুলোতে জাল টাকা বা জালনোট চক্রের অপতৎপরতা রোধ করার জন্য ঢাকাসহ দেশের সব এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকের কর্মকর্তাদের বেশ কিছু পদক্ষেপ নিতে বলেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে সব বাণিজ্যিক ব্যাংকের প্রধান নির্বাহীর কাছে পাঠানো হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

১৮। সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুপ্রিয় চক্রবর্তীর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

সাংস্কৃতিক ব্যক্তিত্ব অ্যাডভোকেট সুপ্রিয় চক্রবর্তীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী গতকাল (৩০ জুলাই মঙ্গলবার) লন্ডন থেকে টেলিফোনে সুপ্রিয় চক্রবর্তীর স্ত্রী সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সুলতানা কামালকে সমবেদনা জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বিদেশি পর্যটকদের আগমনের সঠিক পরিসংখ্যান রাখতে বিমান ও পর্যটন মন্ত্রণালয় 'অ্যাডভান্সড প্যাসেঞ্জারস ইনফরমেশন সিস্টেম' নামে নতুন একটি সফটওয়্যারের উদ্বোধন করতে যাচ্ছে উল্লেখ করে এ উদ্যোগ বাস্তবায়িত হলে বাংলাদেশের পর্যটনশিল্প উত্তরোত্তর সামনের দিকে এগিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** পাস্তুরিত দুধ সংক্রান্ত জটিল পরিস্থিতির কারণে দুগ্ধ খামারিদের কাছ থেকে দুধ সংগ্রহ না করায় নিরুপায় খামারিরা বড় বড় পাত্রভরা দুধ রাস্তায় ঢেলে দিচ্ছেন-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ অবস্থা নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** রাখাইনে ফিরিয়ে নেয়ার জন্য মিয়ানমারেরর কাছে ৬ হাজার রোহিঙ্গা পরিবারের ২৫ হাজার লোকের তালিকা দিয়েছে বাংলাদেশ-উল্লেখ করে সময়ক্ষেপণ না করে রোহিঙ্গা প্রত্যাবাসন দ্রুত করার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও দূষিত পানির কারণে পানিবাহিত রোগে আক্রান্ত হচ্ছে বানভাসি মানুষরা উল্লেখ করে এ দুর্ভোগ লাঘবে বন্যা উপদ্রুত এলাকায় স্বাস্থ্যসেবা ও ত্রাণ কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর :** রাজধানীসহ সারা দেশের ডেঙ্গু পরিস্থিতি আরও অবনতি হওয়ায় এব্যাপারে সবাইকে সচেতন ও সতর্ক হওয়ায় আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** দেশের বিভিন্ন জায়গায় গড়ে ওঠা সন্ত্রাসী কিশোর গ্যাং কালচার দমনে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'বিপুল সম্ভাবনাময় চামড়া শিল্প'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, চামড়া শিল্পের অগ্রগতির ধারাকে আরও এগিয়ে নিতে হলে পাদুকা ও চামড়াজাত পণ্য রপ্তানির বিশাল সুযোগকে কাজে লাগাতে হবে।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা